

সূত্রাপুরে জবি শিক্ষার্থীকে কুপিয়ে ও গুলি করে হত্যা

নিজস্ব প্রতিবেদক •

রাজধানীর সূত্রাপুরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) এক শিক্ষার্থীকে কুপিয়ে এবং মাথায় গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহতের নাম নাজিমউদ্দিন (২৬)। গতকাল বুধবার রাত পৌনে ৯টার দিকে সূত্রাপুরের একরামপুর মোড়ে এ ঘটনা ঘটে। মধ্যরাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করা ছাড়া ঘটনায় জড়িত কাউকে আটক করতে পারেনি পুলিশ।

স্থানীয়রা জানায়, নিহত নাজিমউদ্দিন জবির আইন বিভাগের মাস্টার্সের (এলএলএম) 'বি' সেকশনের শিক্ষার্থী ছিলেন। তার গ্রামের বাড়ি সিলেটের বিয়ানীবাজারে। গতকাল রাত ৯টার দিকে নাজিমউদ্দিন হেঁটে তার গেওয়ারিয়ার বাসায় ফিরছিলেন। একরামপুর মোড়ে আসতেই মোটরসাইকেলযোগে ৩-৪ যুবক এসে প্রথমে তাকে চাপাতির মতো ধারালো অস্ত্র দিকে কোপায়। এরপর মাথায় পিস্তল ঠেকিয়ে এক রাউন্ড গুলি করে পালিয়ে যায়। আর নাজিমের দেহ রাস্তায় লুটিয়ে পড়ে। এ সময় আতঙ্কে আশপাশের দোকানপাট বন্ধ করে চলে যান দোকানিরা। থমথমে হয়ে পড়ে গোটা এলাকা। পরে ঘটনাস্থল থেকে পিস্তলের গুলির এক রাউন্ড খোঁসা উদ্ধার করে পুলিশ। রাত ১২টার দিকে ঘটনাস্থলে গিয়ে প্রচুর রক্ত ও মাথার মগজ পড়ে থাকতে দেখা গেছে। র্যাব-পুলিশ, সিআইডি ও গোয়েন্দা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এ হত্যাকাণ্ডের ঘটনায় এরপর পৃষ্ঠা ২, কলাম ১

সূত্রাপুরে জবি শিক্ষার্থীকে কুপিয়ে

(প্রথম পৃষ্ঠার পর) এলাকায় থমথমে ভাব বিরাজ করছে বলেও স্থানীয়রা জানান। সূত্রাপুর থানার এএসআই আওয়াল জানান, রাতে ডিউটি শেষে তিনি লক্ষ্মীবাজারের দিকে যাচ্ছিলেন। স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে একরামপুর মোড়ে এসে দেখতে পান নাজিমউদ্দিনের নিখর দেহ মাটিতে পড়ে আছে। পরে স্থানীয়দের সহযোগিতায় তাকে মিটফোর্ড হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। দোকান-পাট বন্ধ থাকায় কারা এ ঘটনা ঘটিয়েছে সে ব্যাপারে কিছু জানা যায়নি।

সূত্রাপুর থানার ওসি তপন কুমার সাহা জানান, ময়নাতদন্তের জন্য নিহতের লাশ নিউফোর্ড হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ঘটনার সঙ্গে জড়িত কাউকে এখনো আটক করা যায়নি। কী কারণে এবং কারা এ হত্যাকাণ্ড ঘটাল তা খতিয়ে দেখা হচ্ছে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে ওই এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে বলেও ওসি জানান। এদিকে প্রত্যক্ষদর্শীরা জানান, মোটরসাইকেলে আসা দুর্বৃত্তরা নাজিমউদ্দিনকে গুলি করার পর আল্লাহ্ আকবার ধ্বনি তোলে এবং মুহূর্তের মধ্যে পালিয়ে যায়।